



টু ক রো

একসঙ্গে

প্রেমের টানে জেমস

মান্নার জয়

একই জালে

সুমী চলচিৎ্রে এলেন





রিয়াজ আর পূর্ণিমা দীর্ঘ ৩৪ দিন একসঙ্গে হায়দ্রাবাদে ছিলেন। ১৮ আগস্ট একসঙ্গে তারা সেখান থেকে ফিরেছেন। আবার ২৩ আগস্ট একসঙ্গে আমেরিকায় গেছেন দুই মাসের জন্য। ফলে ফেঁসে গেলেন ৯-১০ জন প্রযোজক-পরিচালক। আমেরিকা থেকে পূর্ণিমা আদৌ ফিরে আসবেন কিনা সে ব্যাপারে রয়েছে সন্দেহ। কারণ রিয়াজ-পূর্ণিমার যাতায়াত ভালো চোখে দেখছে না চলচ্চিত্রের মানুষেরা।

টু ক রো

মহরত অনুষ্ঠিত হওয়ার সম্ভাবনা রয়েছে। ইতিমধ্যে সুমীকে নিয়ে মনতাজুর রহমান আকবর, সোহানুর রহমান সোহান ও মোহাম্মদ হান্নান কাজ করার আগ্রহ প্রকাশ করেছেন।

জনপ্রিয় ব্যান্ড তারকা জেমস-এর সঙ্গে ঘর করতে নারাজ তার স্ত্রী রথি। এর কারণ সম্পর্কে তাদের এক ঘনিষ্ঠ সূত্রে জানা যায়, জেমস এক তরুণীর সঙ্গে পরকীয়ায় জড়ানো। এছাড়াও অতিরিক্ত নেশার কারণে স্ত্রী রথিকে নির্যাতন করা। স্ত্রী রথি বেশ কয়েক মাস ধরে তার বাবার বাড়িতে অবস্থান করছেন। আর জেমস তার আপন গতিতে চলছেন। রথির সঙ্গে এক রকম যোগাযোগ নেই বললেই চলে। জানা যায় রথি ও জেমসের মধ্যে ছাড়াছাড়ি খুব দ্রুতই হয়ে যাবে। জেমস আমেরিকা গিয়েছে সেই মেয়েটির কারণে। যদিও তার দলের সঙ্গে যাবার কথা ছিল। কিন্তু সে একাই গিয়েছে আগে। সে আমেরিকা থেকে ফিরলেই রথির বাবা-মা মীমাংসায় বসবেন। জেমসের ঘরে রথির যাবার সম্ভাবনা খুবই ক্ষীণ।

অশ্লীল ছবির নির্মাতাদের বিরুদ্ধে জোরালো বক্তব্য রাখতে গিয়ে মান্না শারীরিকভাবে আক্রান্ত হন। এই অবিচারের বিরুদ্ধে পুরো ইন্ডাস্ট্রি একসঙ্গে জোট হয়েছে। মান্নার পক্ষ নিয়ে এফডিসি কর্তৃপক্ষ প্রযোজক আব্দুল আলিম এবং তার দুই পুত্র আতিকুর রহমান ও আরিফুর রহমান টিটুকে এক বছর এফডিসিতে প্রবেশ নিষিদ্ধ ঘোষণা করেছে। এই এক বছর তারা ছবি নির্মাণে এফডিসির কোনো সহযোগিতা পাবে না। এফডিসির মতো প্রযোজক সমিতি ও পরিচালক সমিতিও এক বছরের জন্য বয়কট করেছে এই তিনজনকে। তাদের বিরুদ্ধে এমন সিদ্ধান্তে মান্নারই জয় হলো। উল্লেখ্য, এর আগে এই তিন জন নায়িকা একার সঙ্গে অনুরূপ ঘটনা ঘটিয়েছিলেন।

শাওনের মতো একই পরিচালকের জালে আবদ্ধ হচ্ছেন জনপ্রিয় অভিনয় শিল্পী রিচি। আর এই কথাগুলো জানালেন, তারই গুভাকাজক্ষী কয়েকজন সিনিয়র পরিচালক। রিচি এখন ফেরদৌস হাসান রানার কাজ নিয়েই বেশি ব্যস্ত। অন্য নির্মাতাদের কাজের শিডিউল একেবারেই কমিয়ে দিয়েছেন। তাদের ভাষ্য অনুযায়ী, রিচি যেভাবে কাজ করছিল তাতে একটা ভালো অবস্থানে যেতে পারতো। অথচ একই পরিচালকের নাটকে অভিনয় করা শুরু করে ভুল করে বসলো। রিচি ফেরদৌস হাসান রানার জনপ্রিয় 'প্রতিদিন একটি গোলাপ' সহ বেশ কয়েকটি ভালো নাটকে অভিনয় করেছেন।

মডেল কন্যা মাহবুব ইসলাম সুমী চলচ্চিত্রে এলেন। মুশফিকুর রহমান গুলজার পরিচালিত 'এ মন তো যায় না বাঁধা' ছবিতে সুমী ফেরদৌসের বিপরীতে কাজ করছেন। আরেকটি বিশেষ চরিত্রে অভিনয় করছেন মৌসুমী। আগামী ৫ সেপ্টেম্বর ছবির



মাহবুব ইসলাম সুমী